# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

ই-মেইল: registrar@cou.ac.bd, website: cou.ac.bd

স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-১৫)/ ১৪৩৮ তারিখ: ৩১/০৭/২০২৫খ্রি.

## A ও B ইউনিটে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে ইতোপূর্বে অনলাইনে সম্মতি প্রদানকারী শিক্ষার্থীদের সাক্ষাৎকার ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় মেধাতালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য হতে যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে ভর্তি হইতে ইচ্ছুক (Interested) মর্মে সম্মতি প্রদান করেছেন; সেসকল শিক্ষার্থীরা আগামী ০৩/০৮/২০২৫ তারিখ রবিবার অফিস চলাকালীন সময়ে (৯.০০-৪.০০ টা পর্যন্ত) অনুষদের ডিন অফিসে স্ব-শরীরে উপস্থিত হয়ে নিম্নোক্ত মেধাক্রম অনুসারে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

| ক্র. | ইউনিট | মেধাক্রম |
|---|---|---|
| ০১ | A ইউনিট (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) | মেধাক্রম (৮০৪ থেকে ৯০০ পর্যন্ত) |
| ০২ | B ইউনিট (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ) | বিজ্ঞান (১৮৪ থেকে ২৫০ পর্যন্ত) |
| | | মানবিক (৫০২ থেকে ৬৫০ পর্যন্ত) |
| | | বিজনেস স্টাডিজ (১১২ থেকে ১৫০ পর্যন্ত) |

উল্লেখ্য যে, উক্ত দিনেই উপস্থিত শিক্ষার্থীদের মেধাক্রম ও তাদের বিভাগ পছন্দক্রম অনুসারে আসন খালি থাকা সাপেক্ষে ৮ম মেধা তালিকা এবং ৭ম মাইগ্রেশন এর ফলাফল প্রকাশ করা হবে।

আগামী ০৩/০৮/২০২৫ তারিখ রবিবার প্রকাশিত ফলাফল অনুসারে ৮ম মেধা তালিকা এবং ৭ম মাইগ্রেশন-এ উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে আগামী ০৪/০৮/২০২৫ তারিখ সোমবার ভর্তির জন্য স্ব-স্ব অনুষদ থেকে অফিস চলাকালীন সময়ে (৯:০০- ৪:০০ টার মধ্যে) মধ্যে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। **উক্ত দিন অনুপস্থিত থাকলে পরবর্তীতে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।**

**প্রার্থীদের করণীয়:**

(ক) **ভর্তির জন্য পূরণকৃত ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:**

১. ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূল কপি প্রদর্শন সাপেক্ষে উহার ০১ (এক) কপি ফটোকপি।

২. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।

৩. সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৪ (চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) **ভর্তি ফি বাবদ:** কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ভর্তি ফি বাবদ ১৪,৬০০/- টাকা + ডিন অফিসের উন্নয়ন ফি+বিভাগের উন্নয়ন ফি প্রদান করতে হবে।

(গ) কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার মূলসনদপত্র নিয়ে আসতে হবে।

(ঘ) ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.cou.ac.bd এবং https://cou.admission-aid.com/ লিংকে ভিজিট করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সংশোধন, সংযোজন ও পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

৩১/৭/২০২৫

**(অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

**সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি ও বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। ডিন (বিজ্ঞান/কলা ও মানবিক/সামাজিক বিজ্ঞান/আইন/প্রকৌশল/বিজনেস স্টাডিজ) অনুষদ, কু.বি.।
২। বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান (গণিত/পদার্থবিজ্ঞান/পরিসংখ্যান/রসায়ন/ফার্মেসী/ইংরেজি/বাংলা/অর্থনীতি/লোক প্রশাসন/ নৃবিজ্ঞান /প্রত্নতত্ত্ব/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ব্যবস্থাপনা শিক্ষা/এআইএস/মার্কেটিং/ফিন্যান্স এন্ড ব্যাংকিং /সিএসই /আইসিটি /আইন) বিভাগ, কু.বি.।
৩। প্রক্টর, কু.বি.।
৪। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কু.বি.।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, কু.বি.।
৬। জনাব মোঃ নাছির উদ্দিন, উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কু.বি.।
৭। জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে), কু.বি.।
৮। জনাব মোহাম্মদ এমদাদুল হক, জনসংযোগ কর্মকর্তা, কু.বি.।
৯। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
১০। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
১১। পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।
১২। অফিস কপি।